CJRF প্রকল্পের মাসিক প্রকাশনা

ভলিউম-২, আগষ্ট, ২০১৮, ভাদ্র, ১৪২৫ বঙ্গাব্দ

জলবায়ু সক্ষমতা বুলেটিন

এ্যাডভোকেসি   স্থানীয় উদ্যোগ   অভিযোজন

জলবায়ু পরিবর্তন ইস্যুতে পলিসি পেপার তৈরি

জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব প্রশমিত করতে এবং স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন ইস্যুতে এ্যাডভোকেসি করতে CJRF প্রকল্পের আওতায় বিভিন্ন সভা, সেমিনার ও মানব বন্ধনের আয়োজন করা হবে। ইস্যুগুলো হল উপকূলীয় বনায়ন এবং ম্যানগ্রোভ সংরক্ষণ, বেড়ী বাঁধ এবং পানি উন্নয়ন বোর্ডের সংস্কার, উপকূলীয় অঞ্চলের ক্ষুদ্র মৎসজীবিদের সমস্যা নিরশন এবং জলবায়ু পরিবর্তনের ফলে অভ্যন্তরীন অভিবাসন। জলবায়ু ইস্যুতে সেমিনারগুলো আয়োজনের পূর্বে CJRF প্রকল্পের প্রকল্প বাস্তবায়নকারী ইউনিট উপরোক্ত বিষয় সমূহের বাস্তব প্রেক্ষাপট ও সংশ্লিষ্ঠ বিষয়ের বিভিন্ন কর্মকৌশল সমূহ বিশ্লেষন করে চারটি পলিসি পেপার তৈরি করেছে।

অপারেশনাল পার্টনারদের সহিত প্রকল্প বাস্তবায়ন পরিকল্পনা সভা

CJRF প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন ইউনিট দুটি অপারেশনাল পার্টনার সংস্থা সোশ্যাল ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভস-এসডিআই এবং দ্বীপ উন্নয়ন সংস্থা-ডি ইউ এস এর CJRF প্রকল্পের ফোকাল পার্সনদের সহিত প্রকল্প বাস্তবায়ন কর্মকৌশল নিয়ে পরিকল্পনা সভার আয়োজন করে। এসডিআই চট্টগ্রাম জেলার সন্দীপ উপজেলায় এবং ডি ইউ এস নোয়াখালি জেলার হাতিয়া উপজেলায় CJRF প্রকল্পের কার্যক্রম পরিচালনা করছে। উক্ত পরিকল্পনা সভায় প্রকল্পের কার্যক্রম সমূহ কোথায় এবং কিভাবে বাস্তবায়িত হবে সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এসডিআই এর পক্ষ হতে উপস্থিত ছিলেন CJRF প্রকল্পের ফোকাল পার্সন মোঃ আশরাফ হোসেন এবং ডি ইউ এস এর পক্ষ হতে উপস্থিত ছিলেন CJRF প্রকল্পের ফোকাল পার্সন মোঃ রাশেদ হাসান।

অপারেশনাল পার্টনারদের সহিত প্রকল্প বাস্তবায়ন পরিকল্পনা সভা

আগষ্ট, ২০১৮ পর্যন্ত প্রকল্পের অগ্রগতি

প্রকল্পটি এপ্রিল, ২০১৮ তে শুরু হয়। প্রকল্প বাস্তবায়নকারী ইউনিট এটি প্রণয়নের আগে সবায় মিলে পরিকল্পনা তৈরি করে। আগষ্ট, ২০১৮ পর্যন্ত সম্পাদিত কার্যাবলী নিচে উলেস্নখ করা হল।

কার্যক্রম	লক্ষ্য	অর্জন
পলিসি পেপার- উপকূলীয় বনায়ন এবং ম্যানগ্রোভ সংরক্ষণ	০১	০১
পলিসি পেপার-বেড়ী বাঁধ এবং পানি উন্নয়ন বোর্ডের সংস্কার	০১	০১
পলিসি পেপার-অভ্যন্তরিন অভিবাসন	০১	০১
কমিউনিটি এক্সটেনশন ওয়ার্কার নিয়োগ	১৯	১৯
সহযোগী সংস্থাদের সহিত চুক্তি সম্পাদন	০৭	০৭
স্টাফনিয়োগ-টেকনিক্যাল অফিসার, একাউন্টস ম্যানেজার, কমন সার্ভিস অর্গানাইজার	১২	১২

রেডিও নেটওয়ার্ক স্থাপনের জন্য বিএনএনআরসিএর সহিত সভা

০৯ আগষ্ট ২০১৮,বিএনএনআরসির সভা কক্ষে CJRF প্রকল্পের প্রকল্প বাস্তবায়নকারী ইউনিটের সহিত বিএনএনআরসির CJRF প্রকল্পের কর্মকর্তাদের সহিত কমিউনিটি রেডিও এবং অ্যামেচার রেডিও নেটওয়ার্ক স্থাপনের জন্য একটি পরিকল্পনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানটি পরিচালনা করেন বিএনএনআরসির প্রধান নির্বাহী কর্মকর্তা এএইচএম বজলুর রহমান। উক্ত সভায় CJRF প্রকল্পের বিএনএনআরসির নতুন নিয়োগকৃত প্রকল্প কর্মকর্তা তারেক আলমের সহিত পরিচয় করিয়ে দেওয়া হয়। বিএনএনআরসির সহিত প্রকল্প বাস্তবায়ন পরিকল্পনা, চুক্তির মেয়াদ, রেডিও স্টেশন স্থাপন, অ্যামেচার রেডিওর জন্য সরঞ্জমাদি ক্রয়, মাসিক পরিকল্পনা এবং মাসিক প্রতিবেদন বিষয়ে আলোচনা করা হয়। পরবর্তীতে আগষ্ট মাসের ২৬ ও ২৭ তারিখে বিএনএনআরসির সহিত আরও একটি সভার আয়োজন করা হয় যাতে CJRF প্রকল্পের প্রকল্প বাস্তবায়নকারী ইউনিট, প্রোগ্রাম ফোকাল পার্সন এবং উপ পরিচালক সৈয়দ আমিনুল হক ও উপ পরিচালক আহসানুল করিম এবং CJRF প্রকল্পের প্রকল্প প্রধান অংশগ্রহন করে। এখানে সিদ্ধান্ত গৃহিত হয় যে বিএসএনআরসি তাদের সংশোধিত পরিকল্পনা আগামী ২৯ আগষ্টের মধ্যে কোষ্ট ট্রাষ্ট এর নিকট জমা দিবে।

সেপ্টেম্বর মাসের কার্যক্রম বাস্‌রবায়নের জন্য পরিকল্পনা সভা

প্রকল্প বাস্‌রবায়নকারি ইউনিটের পরিকল্পনা সভা

আগষ্ট মাসের অসম্পাদিত কাজ এবং সেপ্টেম্বর মাসের কার্যক্রম সমূহ দ্রুত সম্পাদনের জন্য প্রকল্প প্রধান প্রকল্প বাস্‌রবায়ন ইউনিটের সকল সদ্যদেরকে নিয়ে পরিকল্পনা সভার আয়োজন করে। উক্ত সভায় প্রকল্প প্রধান সহ সকল কো-অডিনেটরের দায়িত্ব ভাগ করে দেওয়া হয়; পাশাপাশি স্থান ও তারিখও নির্ধারণ করা হয়।

ক্রঃনং	কার্যক্রম	স্থান	তারিখ	দায়িত্ব
১	সেমিনার- উপকূলীয় বনায়ন এবং ম্যানগ্রোভ সংরক্ষণ: -বেড়ী বাঁধ এবং পানি উন্নয়ন বোর্ডের সংস্কার	ভোলা	১৫ সেপ্টেম্বর ২০১৮	প্রোগ্রাম হেড
২	সেমিনার- উপকূলীয় বনায়ন এবং ম্যানগ্রোভ সংরক্ষণ: -বেড়ী বাঁধ এবং পানি উন্নয়ন বোর্ডের সংস্কার	কক্সবাজার	২২ সেপ্টেম্বর ২০১৮	কোঅর্ডিনেটর মনিটরিং এন্ড ইভালিউয়েশন
৩	সেমিনার- অভ্যন্তরিন অভিবাসন	কক্সবাজার	১৫ সেপ্টেম্বর ২০১৮	কোঅর্ডিনেটর পার্টনারশীপ এন্ড এ্যাডভোকেসী
৪	সেমিনার- অভ্যন্তরিন অভিবাসন	ভোলা	২২ সেপ্টেম্বর ২০১৮	কোঅর্ডিনেটর পার্টনারশীপ এন্ড এ্যাডভোকেসী
৫	জলবায়ু সহিষ্ণু আয়বর্ধনমূলক টেকনোলজি বিতরণ	ভোলা	২৪-৩০ সেপ্টেম্বর ২০১৮	কো-অর্ডিনেটর সিএআইজিটি
৬	জলবায়ু সহিষ্ণু আয়বর্ধনমূলক টেকনোলজি বিতরণ	কক্সবাজার	১৬-২০ সেপ্টেম্বর ২০১৮	কো-অর্ডিনেটর সিএআইজিটি
৭	ওয়াটরি সিল্ড ল্যাট্রিন বিতরণ	ভোলা	২৪-৩০ সেপ্টেম্বর ২০১৮	কো-অর্ডিনেটর সিএআইজিটি
৮	ওয়াটরি সিল্ড ল্যাট্রিন বিতরণ	কক্সবাজার	১৬-২০ সেপ্টেম্বর ২০১৮	কো-অর্ডিনেটর সিএআইজিটি

কমিকউনিটি এক্সটেনশন ওয়ার্কার নিয়োগ

কমিউনিটি এক্সটেনশন ওয়ার্কার নিয়োগ

জলবায়ু সহিষ্ণু আয়বর্ধনমূলক টেকনোলজি বিতরণ এবং তা সঠিকভাবে বাস্‌রবায়ন এবং তা নিজেদের পরিবারে কাজে লাগানোর জন্য ভোলার চরফ্যাশন, মনপুরা, তজুমদ্দিন, কক্সবাজারের কুতুবদিয়া, নোয়াখালির হাতিয়া এবং চট্টগ্রামের সন্দিপ উপজেলায় মোট ১৯ টি নির্বাচিত ইউনিয়নে বাস্‌রবায়নাধিন CJRF প্রকল্পের আওতায় ১৯ জন কমিউনিটি এক্সটেনশন ওয়ার্কার নিয়োগ প্রদান করা হয়। যারা ইউনিয়ন ভিত্তিক জলবায়ু সহিষ্ণু বিভিন্ন আয় বর্ধনমূলক কার্যক্রম বাস্‌রবায়নের পাশপাশি প্রকল্পের বিভিন্ন কাজে সহয়তা প্রদান করবে।

যোগাযোগ

ডি, এম নাজমুল আলম

প্রকল্প প্রধান, Climate Justice & Resilience Fund

CJRF প্রকল্প

কোষ্ট ট্রাষ্ট প্রধান কার্যালয়, বাড়ি নং: ১৩, রোড নং: ২, শ্যামলী, ঢাকা।

দূরালাপনি: +৮৮০১৭০৮১২০৩৩৩

ই-মেইল: nazmul.coast@gmail.com